গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
গৌরীপুর, ময়মনসিংহ
www.fisheries.gouripur.mymensingh.gov.bd

স্মারক নম্বর- ৩৩.০২.৬১২৩.৫০১.৫৯.০০১.১৯.১৪ তারিখঃ ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ জানুয়ারি ২০২৫খ্রিস্টাব্দ

বিষয়: "জাতীয় মৎস্য পদক-২০২৫" এর মনোনয়ন প্রস্তাব আহবান প্রসঙ্গে।

সূত্র: মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, মৎস্য ভবন, রমনা, ঢাকা মহোদয়ের ০৬ জানুয়ারি ২০২৫খ্রিঃ তারিখের ৩১.০২.০০০০ .১২০,০২.০৩৯.২৫-১০ সংখ্যক স্মারকমূলে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য সেক্টরের বিভিন্ন ক্ষেত্রে ও উল্লেখযোগ্য অবদানের স্বীকৃতিস্বরূপ প্রতি বছর জাতীয় মৎস্য পদক প্রদান করা হয়ে থাকে। মৎস্য সম্পদ উন্নয়নে জাতীয় মৎস্য পদক প্রদান সরকার অনুমোদিত সর্বশেষ "জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত) অনুসারে পরিচালিত হচ্ছে। "জাতীয় মৎস্য পদক-২০২৫" এর প্রার্থী মনোনয়ন প্রদানের ক্ষেত্রে পঞ্জিবর্ষ ২০২৪ খ্রিস্টাব্দ (জানুয়ারি-ডিসেম্বর) ভিত্তি বছর হিসেবে বিবেচ্য হবে। জাতীয় মৎস্য পদক-২০২৫ এর মনোনয়নের জন্য আগ্রহী প্রর্থীগণকে আগামী ১০ ফেব্রুয়ারি ২০২৫খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

১. জাতীয় মৎস্য পদক প্রদানের জন্য উল্লেখিত পদকের নীতিমালার আওতায় অনুচ্ছেদ-৪ এ বর্ণিত বিভিন্ন ক্ষেত্রে প্রার্থী মনোনয়নের জন্য মাছের রেণু/পোনা/মাছ উৎপাদনের মৎস্যচাষী, মৎস্য ও মৎস্যজাত পণ্য উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ এবং মৎস্যসম্পদ উন্নয়নে ব্যক্তি/প্রতিষ্ঠান/সমবায় সমিতি আবেদন করতে পারবে।

২. আগ্রহী প্রার্থীগন আবেদনের সময় এক কপি পাসপোর্ট সাইজের ছবি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, প্রতিষ্ঠানের নামে অনুমোদিত ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি এবং আবেদনপত্রে মোবাইল নম্বরসহ আবেদন করতে হবে।

৩. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান একবার জাতীয় মৎস্য পদক প্রাপ্ত হলে পরবর্তী ০৫ (পাঁচ) বছর একই ক্ষেত্রে পদকের যোগ্য বিবেচিত হবেন না।

৪. কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে পণ্যের মান সম্পর্কে কোন অভিযোগ থাকলে তিনি মনোনয়নের জন্য বিবেচিত হবেন না।

৫. প্রার্থীর আবেদন প্রাপ্তির পর উপজেলা কমিটি প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যাদির যথার্থতা পরীক্ষা করবেন। প্রদত্ত তথ্যাদি অনুমোদিত মানদন্ডের ভিত্তিতে যাচাই করে পদকের জন্য যোগ্য প্রার্থী নির্বাচন করা হবে। এ পদক সংক্রান্ত কার্যক্রমের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হবে।

৬. মৎস্য পদকের জন্য মনোনয়ন পাওয়ার যোগ্যতা এবং পদক সংশ্লিষ্ট সকল কার্যক্রম "জাতীয় মৎস্য পদক নীতিমালা, ২০১৯ (২০২২ খ্রিস্টাব্দ পর্যন্ত সংশোধিত) অনুসারে বাস্তবায়িত হবে।

২৮/০১/২৫.

(রাশেদুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা)
ও
সদস্য সচিব
জাতীয় মৎস্য পদক ২০২৫ প্রার্থী বাছাই কমিটি
গৌরীপুর, ময়মনসিংহ
ফোনঃ ০২৯৯৬৬৭৪১৯৭

...................................
...................................

স্মারক নম্বর- ৩৩.০২.৬১২৩.৫০১.৫৯.০০১.১৯.১৪/১(১৫) তারিখঃ ১৪ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ / ২৮ জানুয়ারি ২০২৫খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
২. জেলা মৎস্য অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ (সভাপতি, জাতীয় মৎস্য পদক ২০২৫ প্রার্থী বাছাই কমিটি)
৪. চেয়ারম্যান.....................................ইউনিয়ন পরিষদ, গৌরীপুর, ময়মনসিংহ।
৫.অফিস কপি/নোটিশ বোর্ড।

২৮/০১/২৫.

(রাশেদুল ইসলাম)
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা(অ.দা)